# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ২. আল-ফিরদাউস ও মুসনাদুল ফিরদাউস

ইমাম আবূ শুজা শীরওয়াইহি দাইলামী (৪৪৫-৫০৯হি) রচিত 'আল-ফিরদাউস' ও তাঁর পুত্র আবূ মানসূর শাহরদাদ দাইলামীর (৪৮৩-৫৫৮ হি) ''মুসনাদুল ফিরদাউস'' নামক গ্রন্থের অনেক হাদীস তিনি জাল বলে ঘোষণা করেছেন। যেমন: 'আরাফার দিনের সিয়াম ষাট বছরের সিয়ামের মত', 'যখন মুআবিয়াকে মিম্বারের উপরে দেখবে তখন তাকে হত্যা করবে', 'গাধা ও যে সকল পশুর মাংস খাওয়া বৈধ তাদের পেশাবে কোনো অসুবিধা নেই', 'হে জিবরীল, ইলমে বাতিন হলো, আমার ও আমার প্রিয়পাত্র ও অলীগণের মধ্যকার গোপন বিষয়। আমি তা তাদের অন্তরের মধ্যে প্রদান করি। কোনো নৈকট্যপ্রাপ্ত ফিরিশতা বা কোনো নবী-রাসূলও তা জানতে পারেন না'... ইত্যাদি।[1]

## ফুটনোট

[1] আবূ জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পৃ. ১২-৯৯, বাংলা, পৃ. ৪০৯-৪১৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন